

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৪৪(আগরতলা ১১১১)
ধর্মনগর, ১১ জানুয়ারি, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সেক্টর অফিসারদের নিয়ে কর্মশালা

লোকসভা নির্বাচন-২০২৪ কে সামনে রেখে গতকাল উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সেক্টর অফিসারদের নিয়ে এক সভা ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত এই সভায় উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা কেন্দ্রের ৫৯ জন পুলিশের সেক্টর অফিসার উপস্থিত ছিলেন।; এছাড়াও উপস্থিত ছিলেন জেলা নির্বাচন আধিকারিক তথা উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, এসপি ভানপুদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ডেপুটি কালেক্টর অভিরাম দেববর্মা প্রমুখ। সভায় জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, পুলিশ সেক্টর অফিসারদের নির্ধারিত ভোট কেন্দ্রগুলি পরিদর্শন করতে হবে। স্পর্শকাতর ও অতিস্পর্শকাতর ভোটকেন্দ্র যদি থাকে তা চিহ্নিত করতে হবে। এদিনের সভায় পুলিশ সেক্টর অফিসারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ পর্বে আলোচনায় অংশ নেন ডিস্ট্রিক্ট ট্রেনিংনোডাল অফিসার তথা অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, উপ জেলা নির্বাচন আধিকারিক তথা অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস ও ডেপুটি কালেক্টর অভিরাম দেববর্মা। কর্মশালায় ডেপুটি কালেক্টর অভিরাম দেববর্মা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিভিন্ন বিষয় উপস্থাপন করেন।
